

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৭- ১৬

তারিখ : ১২.০৪.২০১৭।

বিজ্ঞপ্তি

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো এর “সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার” (৭ম গ্রেড, উচ্চতর স্কেল) পদের ফলাফল স্থগিতকৃত ০২ (দুই)জন প্রার্থীর ফলাফল প্রকাশ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ৩১.০১.২০১৭ তারিখের ৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৬-৩৭ নং বিজ্ঞপ্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো এর “সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার” (৭ম গ্রেড, উচ্চতর স্কেল) পদের নিয়োগের জন্য ২(দুই) জন প্রার্থীর ফলাফল প্রশাসনিক ও তথ্য বিভ্রাটজনিত কারণে স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত প্রার্থীদের বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো এর “সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার” (৭ম গ্রেড, উচ্চতর স্কেল) পদের ফলাফল স্থগিতকৃত নিম্নে উল্লিখিত রেজিঃ নম্বরধারী ২(দুই) জন প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) নির্বাচন করা হয়েছে :

রেজিঃ নং ০০০০৪১ ও ০০০০৯১ = ০২ জন।

২. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে; দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে; অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্রে বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিয়োগ প্রদান করবে। সুপারিশকৃত প্রার্থীকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৪. প্রকাশিত ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

১২.০৪.২০১৭
(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)